# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
**(Residential Autonomous College under University of Calcutta)**

**B.A./B.SC. THIRD SEMESTER EXAMINATION, DECEMBER 2011**
**SECOND YEAR**
**BENGALI (Honours)**

Date : 16/12/2011
Time : 11 am – 3 pm
Paper : III
Full Marks : 100

১. সমকালীন রাজনৈতিক ও সামাজিক ঘটনার নিরিখে নাট্যকার গিরিশচন্দ্র ঘোষের প্রতিভার মূল্যায়ন করো। [14]

**অথবা**

বাংলা নাটকের ইতিহাসে মধুসূদন দত্তের স্থান আলোচনা করো।

২. **যে কোন দুটি** বিষয়ের উপর টীকা লেখো। [3+3]
কীর্তিবিলাস, কুলীনকুলসর্বস্ব, নীলদর্পণ, রাজপুরী

৩. মেবারপতন নাটকে নারীচরিত্রগুলির গুরুত্ব আলোচনা করো। [11]

**অথবা**

মেবার পতন নাটকে ঐতিহাসিক উপাদানগুলি নাট্যকার দক্ষতার সঙ্গে ব্যবহার করেছেন।---- আলোচনা করো।

৪. **যে কোন একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [4]
ক) 'আমি পিতা বুঝি না, জাতি বুঝি না, ধর্ম বুঝি না, আমার ধর্ম পতি'। কে কোন প্রসঙ্গে এই উক্তি করেছেন?
খ) 'মানুষ মাত্রকেই ভালবাসি' --- কে কাকে একথা বলেছেন?

৫. বিসর্জন রচনাটিকে ট্র্যাজেডিরূপে গণ্য করা যায় কিনা, তা আলোচনা করো। [11]

**অথবা,**

রাজশক্তি ও পুরোহিতশক্তির দ্বন্দ্বে বিসর্জন নাটকে যে সত্য আভাসিত, তা যক্তিসহ আলোচনা করো।

৬. **যে কোন একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [4]
ক) ... রাজা যদি চুরি
করে, শুনিয়াছি নাকি, আছে
জগতের রাজা
---- কে কোন প্রসঙ্গে এই উক্তি করেছে?
খ) এই শেষ পুণ্যরক্ত এ পাপমন্দিরে। ---- উক্তিটির তাৎপর্য বিচার করো।

৭. বাংলা কাব্যের ইতিহাসে বিহারীলাল চক্রবর্তীর গুরুত্ব আলোচনা করো। [14]

**অথবা,**

কবি নজরুলের কাব্যভাবনায় উত্তেজনার চড়া সুর ও আবেগঘন স্বীকারোক্তি কতদূর সমীচীন হয়েছে, তা আলোচনা করো।

৮. টীকা লেখো ঃ (**যে কোন দুটি**) [3+3]
বৃত্রসংহার, অবকাশরঞ্জিনী, অগ্নিবীণা, সারদামঙ্গল।

৯. 'সাধারণ মেয়ে' কবিতাটির বিষয়ভাবনা ও আঙ্গিক আলোচনা করো। [11]

**অথবা,**

'ধূলামন্দির' কবিতার নামকরণ কতদূর সঙ্গত, তা আলোচনা করো।

১০. **যে কোন একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [4]
ক) যত চাও তত লও তরণী পরে
আর আছে? —
বক্তা কে? তরণীতে কী বোঝাই করেছেন?

খ) ঘরেও নহে, পারেও নহে,
যে জন আছে মাঝখানে
সন্ধ্যাবেলা কে ডেকে নেয় তারে।
---উক্তিটির তাৎপর্য বিচার করো।

১১. 'যক্ষের নিবেদন' কবিতাটিতে সত্যেন্দ্রনাথ ঐতিহ্যকে নিজস্বতায় মণ্ডিত করেছেন --- মন্তব্যটি আলোচনা করো। [11]

**অথবা,**

'দিদিহারা' কবিতায় কবির সংবেদনশীলতা নিহিত শিশুর অবোধ মনের আকাঙ্ক্ষায় --- আলোচনা করো।

১২. আজও তাহার বিহনে গ্রাম ঠেকছে ফাঁকা ফাঁকা
---- প্রসঙ্গটি বিস্তৃত করো। [4]

**অথবা,**

উদার আকাশে মুক্ত বাতাসে
চিরকাল একই খেলা।
---এখানে 'খেলা' বলতে কী বোঝানো হয়েছে?